# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৫৩. কোন কোন অবস্থায় রাসূলুল্লাহ (স) মিস্ওয়াক করতেন?

১. ঘুম থেকে জাগ্রত হওয়ার পর: হুযাইফা (রা) বর্ণনা করেন যে, “নবী (স) যখন রাতে (তাহাজ্জুদের জন্য) ঘুম থেকে উঠতেন তখন মিসওয়াক দিয়ে মুখ পরিষ্কার করতেন।” (বুখারী: ২৪৫, ইফা: ২৩৮, মুসলিম: ২৫৪)

২. ওযূর পূর্বে: আবু হোরায়রা (রা) থেকে বর্ণিত রাসূলুল্লাহ (স) বলেন, “যদি আমি আমার উম্মতের জন্য কষ্টকর মনে না করতাম তাহলে প্রত্যেক ওযুর পূর্বে মিস্ওয়াক করার জন্য নির্দেশ প্রদান করতাম।” (মুয়াত্তা মালেক: ১১৫)

৩. নামাযে দাঁড়ানোর মুহূর্তে: আবু হোরায়রা (রা) থেকে বর্ণিত রাসূলুল্লাহ (স) বলেছেন, “যদি আমার উম্মত বা মানুষের জন্য কষ্টকর মনে না করতাম তাহলে প্রতি সালাত শুরুর সাথে মিসওয়াক করার আদেশ দিতাম।” (বুখারী: ৮৮৭)।

৪. বাহির থেকে ফিরে ঘরে ঢুকার পর: আয়েশা (রা) বলেন যে, “নবী (স) (বাহির থেকে ফিরে এসে) যখনই ঘরে ঢুকতেন (তখন প্রথম যে কাজটি করতেন তা হলো) তিনি দাঁত মাজতে শুরু করতেন।” (মুসলিম: ২৫৩)।

৫. কুরআন পাঠ শুরু করার পূর্বে । (মুসান্নাফে আবদুর রাযযাক: ২/৪৮৭)

৬. মসজিদের উদ্দেশ্যে ঘর থেকে বের হওয়ার পূর্বক্ষণে।

৭. জুমুআর দিন এবং যেকোন সমাবেশে যোগদানের আগে । (মুসলিম: ৮৪৬)

৮. মৃত্যুর মুহূর্ত ঘনিয়ে এলে ।

৯. মুখের গন্ধ দূরীকরণের জন্য (নাসাঈ: ৫)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12789

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন